

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭৯৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৮৫]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩৫৮ : আযানের পর বিনা ওয়রে ফর্য নামায় না পড়ে মসজিদ থেকে চলে যাওয়া মাকরুহ

### আরবী

عَنْ أَبِي الشَّعْتَاءِ، قَالَ: كُنَّا قُعُوداً مَع أَبِي هُرَيرَةَ رَضِيَ اللهُ عَنْهُ فِي المَسْجِدِ، فَأَذَّن المُؤذِّنُ، فَقَامَ رَجُلٌ مِنَ المَسْجِدِ يَمْشِي، فَأَتْبَعَهُ أَبُو هُرَيرَةَ رضي الله عنه بَصَرَهُ حَتَّى خَرَجَ مِنَ المَسْجِدِ، فَقَالَ أَبُو هُرَيرَةَ رضي الله عنه : أَمَّا هَذَا فَقَدْ عَصَى أَبَا القَاسِمِ صلى الله عليه وسلم . رواه مسلم

#### বাংলা

১/১৭৯৪। আবূ শা'সা' হতে বর্ণিত, তিনি বলেন, আমরা [একবার] আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু-এর সঙ্গে মসজিদে বসে ছিলাম। [এমন সময়] মুআয্যিন আযান দিল। তখন একটি লোক মসজিদ থেকে চলে যেতে লাগল। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু তার দিকে এক দৃষ্টিতে তাকিয়ে রইলেন, শেষ পর্যন্ত সে মসজিদ থেকে বের হয়ে গেল। অতঃপর আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বললেন, 'এই লোকটি আবুল কাসেম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অবাধ্যাচরণ করল।' (মুসলিম) [1]

# **English**

(358) Chapter: Undesirability of Leaving the Mosque without offering Salat (Prayer) after the Adhan has been Proclaimed

#### Abu Sha'tha' said:

We were sitting with Abu Hurairah (May Allah be pleased with him) in the mosque when the Mu'adhdhin proclaimed the Adhan. A man stood up in the mosque and started walking out. Abu Hurairah (May Allah be pleased with him) stared at him till he went out of the mosque. Upon this Abu Hurairah (May Allah be pleased with him) said: Indeed, this man has disobeyed Abul-Qasim (ﷺ).



## [Muslim].

Commentary: We learn from this Hadith that after hearing Adhan, one should not leave the mosque without offering the obligatory Salat connected with it, unless one has a very genuine reason for doing so.

# ফুটনোট

[1] মুসলিম ৬৫৫, তিরমিয়ী ২০৪, নাসায়ী ৬৮৩, ৬৮৪, আবূ দাউদ ৫৩৬, ইবনু মাজাহ ৭৩৩, আহমাদ ৯১১৮, ১০৫৫০, দারেমী ১২০৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ শা'সা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন